

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৫ আষাঢ় ১৪২৬ বঙ্গাব্দ/১৯ জুন ২০১৯ খ্রিস্টাব্দ

নথর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৯.১৮৭—গত ১৪ জুন ২০১৯ তারিখে জাতিসংঘ সদরদপ্তরে অনুষ্ঠিত জাতিসংঘের অন্যতম প্রধান অঙ্গসংস্থা ‘অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক)’-এর সদস্যপদ নির্বাচনে মোট ১৯১ ভোটের মধ্যে ১৮১ ভোট পেয়ে এশিয়া-প্যাসিফিক অঞ্চল হতে বাংলাদেশ ৫৪ সদস্যবিশিষ্ট মর্যাদাপূর্ণ এই পরিষদের সদস্য নির্বাচিত হয়। উক্ত সদস্য নির্বাচনে বাংলাদেশ ছাড়াও এশিয়া-প্যাসিফিক অঞ্চল হতে থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া ও চীন বিজয় অর্জন করে।

২। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও প্রজার কারণেই এ অর্জন সম্ভব হয়েছে যা আন্তর্জাতিক পরিমঙ্গলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে জাতিসংঘের ইকোসকের সদস্যপদে বিপুল ভোটে নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করে এবং জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে মন্ত্রিসভার ০৩ আষাঢ় ১৪২৬/১৭ জুন ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম

মন্ত্রিপরিষদ সচিব

( ১৮৬৬৯ )  
মূল্য : টাকা ৪০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

০৩ আষাঢ় ১৪২৬  
ঢাকা: ১৭ জুন ২০১৯

গত ১৪ জুন ২০১৯ তারিখে জাতিসংঘের অন্যতম প্রধান অঙ্গসংস্থা ‘অর্থনৈতিক ও সামাজিক পরিষদ (ইকোসক)’-এর সদস্যপদ নির্বাচনে মোট ১৯১ ভোটের মধ্যে ১৮১ ভোট পেয়ে এশিয়া-প্যাসিফিক অঞ্চল হতে বাংলাদেশ ৫৪ সদস্যবিশিষ্ট মর্যাদাপূর্ণ এই পরিষদের সদস্য নির্বাচিত হয়। উক্ত সদস্য নির্বাচনে বাংলাদেশ ছাড়াও এশিয়া-প্যাসিফিক অঞ্চল হতে থাইল্যান্ড, দক্ষিণ কোরিয়া ও চীন বিজয় অর্জন করে। উল্লেখ্য, জাতিসংঘ সনদের মাধ্যমে ১৯৪৫ সালে প্রতিষ্ঠিত জাতিসংঘের এই সর্ববৃহৎ অঙ্গসংগঠন বিশ্বের অর্থনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও মানবিক বিষয়ে জাতিসংঘকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান এবং এতৎসংশ্লিষ্ট কর্মকাণ্ড পরিচালনার ক্ষেত্রে জাতিসংঘের ১৪টি বিশেষায়িত সংস্থা ও তাদের কার্যকরী কমিশন এবং পাঁচটি আঞ্চলিক কমিশনের মধ্যে সমন্বয়ের কাজ করে থাকে। বাংলাদেশ ২০২০ সালের জানুয়ারি মাস থেকে তিনি বছর মেয়াদে ইকোসকে দায়িত্ব পালন করবে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদশ্মী ও গতিশীল নেতৃত্বে দেশ ‘রূপকল্প ২০২১’ এবং ‘এজেন্ডা ২০৩০’ বাস্তবায়নে দুটি গতিতে এগিয়ে যাচ্ছে। বিশ্বের কাছে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল হিসাবে পরিগণিত। বৈশ্বিক পরিমণ্ডলে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্বকীয় বৈশিষ্ট্যে নেতৃস্থানীয় অবস্থানে সমাচার এবং আন্তর্জাতিক মহলে সমাদৃত। অর্থনৈতিক ও সামাজিক খাতে অতুতপূর্ব সাফল্য অর্জন, সুদৃঢ় রাষ্ট্রপরিচালনা, সর্বোপরি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি বিশ্ব-সম্পদায়ের গভীর আস্থা ও শুক্রাবোধের কারণে মর্যাদাপূর্ণ এই নির্বাচনে বাংলাদেশ বিপুল ভোটে জয়ী হতে পেরেছে মর্মে মন্ত্রিসভা অভিমত ব্যক্ত করছে।

এই বিজয় অর্জনের মধ্য দিয়ে বাংলাদেশ ২০২০-২০২২ মেয়াদে বহুপক্ষীয় কৃটনৈতিক প্ল্যাটফর্মে এবং বৈশ্বিক আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রে জাতিসংঘের অন্যতম এই গুরুতপূর্ণ ফোরাম ইকোসকে সুড়ত অবস্থান নিশ্চিত করল। এই নির্বাচনে বিজয় লাভের মাধ্যমে জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদে বাংলাদেশ আরও দৃশ্যমান, সুসংহত, কার্যকর ও সুদূরপ্রসারী অবদান রেখে আন্তর্জাতিক অঙ্গনে স্বীয় অবস্থান আরও সমুজ্জ্বল করতে সক্ষম হবে। টেকসই উন্নয়ন নিশ্চিতকরণ এবং ‘এজেন্ডা ২০৩০’ বাস্তবায়নে ইকোসকের এই সদস্যপদ অর্জন ইতিবাচক ভূমিকা রাখবে।

মর্যাদাপূর্ণ অর্থনৈতিক ও সামাজিক পরিষদের সদস্য নির্বাচিত হওয়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশের এগিয়ে চলা এবং বিশ্ব-ব্যবস্থায় এর সমুজ্জ্বল উপস্থিতির স্বীকৃতি। এই বিজয় বাংলাদেশের মানুষের জন্য এক অনন্য সম্মাননা।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্ব ও প্রজ্ঞার কারণেই এ অর্জন সম্ভব হয়েছে যা আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করেছে। এই প্রেক্ষাপটে জাতিসংঘের ইকোসকের সদস্যপদে বিপুল ভোটে নির্বাচিত হওয়ার মাধ্যমে বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হওয়ায় মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন ও আত্মরিক শুভেচ্ছা জাপন করছে। এ ছাড়া, জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি এবং পররাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে।

এই পর্যায়ে মাননীয় প্রধানমন্ত্রী এ সাফল্যের জন্য বাংলাদেশের জনগণ এবং যে-সকল বন্ধুরাষ্ট্র ভোট দিয়ে বাংলাদেশকে জয়যুক্ত করেছে তাদের প্রতি কৃতজ্ঞতা জানান।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)